# ডিজিটাল এনেব্লার্স
## অফ
# এমএসএমইজ



**স্বাবলম্বন**

*আপনার উদগ্রীব স্বপ্নকে দিন পাখা মেলার সুযোগ.....*

ইনফো সিরিজ
ভল্যুম-V

**স্মল ইণ্ডাস্ট্রিজ ডেভেলপমেন্ট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া**

# ভূমিকা

প্রিয় স্বাবলম্বী,

SIDBI'র পক্ষ থেকে স্বাবলম্বন শুভেচ্ছা!

ভিজন 2.0 গ্রহনের পর, SIDBI **সম্পর্ক** (কানেক্ট), **সংবাদ** (ইন্টারঅ্যাকশন), **সুরক্ষা** (সিকিউরিটি), এবং **সংপ্রেষণ** (ডিসেমিনেট)-এর বিষয়গুলিকে বিকশিত ও প্রচার করতে তার মনোযোগ পুনরায় কেন্দ্রিত করেছে। ভিজন 2.0-র লক্ষ্য হল উদ্ভাবনী এবং আরো বিস্তৃতভাবে প্রভাবশালী কার্যক্রম যাতে ক্ষুদ্র এবং ছোট সংস্থা (এমএসই) লাভবান হয়, ''গড়ে তুলতে'' এবং ''এগিয়ে যেতে'' দুটিতেই, যা দেশে আরো বেশি কর্মসংস্থান এবং সার্বিক আর্থিক উন্নতি ঘটাবে। এছাড়াও, ব্যাঙ্কটি 2018-তে মিশন স্বাবলম্বন তৈরী করেছে যাতে শিল্পের সংস্কৃতি তৈরী হয় এবং যুব-সমাজ 'কর্মপ্রার্থী' থেকে 'কর্মস্রষ্টা'য়ে পরিণত হয়, গ্রামীণ এলাকা থেকে নাগরিক এলাকায় অভিবাসনকে সীমিত করা যায় এবং দীর্ঘমেয়াদী রোজগারের উপায়ের প্রচার করা যায় যা একেবারে নিচের স্তরের, পরিবেশিত/ অপরিবেশিত অংশ / শ্রেণী এবং সকল এমএসই-গুলির ওপর জোর দেয়।

স্বাবলম্বন ইনফো সিরীজ হল এমনই একটি প্রয়াস যা বর্তমান এবং সম্ভাব্য স্বাবলম্বীদের সঙ্গে যুক্ত হতে সচেষ্ট এবং তাদের ব্যবসা করবার স্বপ্নের যাত্রায় তাদের সাহায্য করে। এটি ব্যবসা করবার সাধারণ এবং বিশেষ জ্ঞান আপনার দরজায় নিয়ে আসে এবং আপনাকে সাম্প্রতিক ঘটনা/ স্কীম/প্রচেষ্টাগুলি সম্পর্কে ওয়াকিবহাল রাখে যা আপনি নিজের ও অন্যদের সুবিধের জন্য ব্যবহার করতে পারেন।

আমরা পাঠকের অভিমত থেকে বিকশিত হই। অনুগ্রহ করে আপনার মতামত/প্রশ্ন/পরামর্শ আমাদের পাঠান যাতে আমরা প্রতিটি সংস্করণের সঙ্গে উন্নতি করতে পারি। আমরা আশা করি যে আপনি সিরিজটি পড়তে ততটাই উপভোগ করবেন যতটা আমরা লিখতে গিয়ে করেছি।

পড়ার আনন্দ উপভোগ করুন!

স্বাবলম্বন দল, SIDBI

# ডিজিটাল এনেব্লার্সঃ ধারণা

আমাদের চারপাশের বিশ্ব দ্রুত বদলে যাচ্ছে। আমাদের জীবনকালে, আমরা ডেস্কটপ কম্পিউটারকে ল্যাপটপ দ্বারা সরিয়ে দিতে দেখেছি, সিডি ও ডিভিডি'র জায়গায় ইউএসবি ফ্ল্যাশ ড্রাইভ আসতে দেখেছি। গ্রামে লোকেদের রাষ্ট্রীয় দূরদর্শনে রামায়ন দেখা আজ নিজস্ব যন্ত্রে ওয়েব সিরিজ দেখাতে পরিণত হয়েছে। গুগল ম্যাপের কল্যানে, আজকাল কেউই গন্তব্যে পৌঁছতে গিয়ে হারিয়ে যায় না। হোম ডেলিভারী, ই-কমার্স এবং ই-বুক সবই হল নতুন যুগের জিনিস, কয়েক বছর আগেও যা কেউ শোনেনি বা যা প্রায় ভাবাই যেত না।

ব্যাংকিংয়ের ক্ষেত্রে প্রযুক্তি বিপুল পরিবর্তন নিয়ে আসছে তা সে কিভাবে আমরা পরিষেবা পাই তাতেই হোক বা কিভাবে ব্যাঙ্কগুলি নতুন পরিষেবা উপস্থাপন করে তাতে। ক্যাশ কাউন্টারের সামনে লম্বা সারির জায়গায় এটিএম এসেছে। এখন ডিজিটাল ওয়ালেট, মোবাইল অ্যাপ্লিকেশন এবং ইউপিআই এটিএম-এর প্রাধান্যকেও চ্যালেঞ্জ জানাচ্ছে। কিছু ব্যাঙ্ক ডেবিট কার্ড তুলে দেওয়ারও কথা ভাবছে।

যদিও কোর ব্যাঙ্কিং সলিউশান (সিবিএস) গ্রাহকের সাথে ব্যাঙ্কের সম্পর্ক শাখা থেকে আলাদা করে সেটিকে আমূল পাল্টে দিয়েছে, কাস্টমার রিলেশনশিপ ম্যানেজমেন্ট (সিআরএম) ব্যাঙ্কগুলিকে গ্রাহকের প্রয়োজন আরো ভালো করে বুঝতে সাহায্য করেছে এবং তাদের সঙ্গে প্রয়োজনীয় সহযোগিতা করে তাদের প্রয়োজন অনুযায়ী সমাধান তৈরী করতে দিয়েছে। স্মার্টফোন দ্বারা নিয়ে আসা প্রযুক্তির ব্যাপ্তির সাথে, আর্থিক সংস্থাগুলি নিশ্চিত করছে যে গ্রাহকের কাছে একটি বোতাম টিপলেই পরিষেবাগুলি উপলব্ধ হয়।

ডিজিটাল প্রযুক্তি কেবল গ্রাহকদের রিয়েল টাইম পরিষেবা দেওয়াতেই সীমাবদ্ধ নয়, দ্রুত বাড়তে থাকা আইটি পরিকাঠামোর মাধ্যমে, পারম্পরিক শিল্পের মডেলগুলি বিঘ্নিত হচ্ছে যা থেকে গ্রাহকরা শুধু উন্নত পরিষেবাই পাচ্ছেন না, এর থেকে বহনযোগ্যতা, ব্যবহারের সহজতা, গ্রাহকের সাথে যোগাযোগ, স্মার্ট মার্কেটিং ইত্যাদিও পাওয়া গেছে। যুগটি সম্পূর্ণ ডিজিটাইজেশনের যেখানে গ্রাহককে দেওয়া প্রতিটি পরিষেবা ডিজিটালি দেওয়া হয় যাতে মানব সম্পর্ক ন্যুনতম হয় এবং গতি, স্বচ্ছতা, গুণমান, প্রতিক্রিয়া, দায়বদ্ধতা ও সহজতা বেড়ে যায় ।

আমাদের বর্তমান ইনফো সিরিজ সংস্করণটি এইরকম ডিজিটাল এনেব্লার্সদের নিয়ে যারা অনেকগুলি সমস্যার ডিজিটাল সমাধান দিয়ে এমএসএমই-গুলির জীবন বদলে দিতে তৈরী।

# এমএসএমই-গুলির সমস্যা

**তথ্যের অসামঞ্জস্য:**

তার সংস্থার বিকাশের চক্রে প্রাথমিক ধারণা থেকে গঠন পর্ব, তারপর স্টেপিং আপ থেকে এগজিট এবং বৈচিত্রপূর্ণ কিম্বা নতুন কোনো ব্যবসাতে পুনরায় প্রবেশ পর্যন্ত স্কীম, প্রোগ্রাম, উদ্যোগ সম্পর্কে বিশ্বস্ত এবং অথবা ভরসাযোগ্য তথ্য পাওয়া একজন ব্যবসায়ীর জন্য খুব গুরুত্বপূর্ণ। বর্তমান এবং নতুন এমএসএমইগুলি, এইরকম ভরসাযোগ্য চ্যানেল/ সংস্থাগুলির খোঁজ করে। অতিরিক্ত তথ্য ছেঁকে ফেলা অ্যাক্সেসের জন্য গুরুত্বপূর্ণ। সঠিক, পর্যাপ্ত এবং উপযুক্ত তথ্য একটি উজ্জ্বল প্রচেষ্টার বিকাশের জন্য আবশ্যক।

**সহজ লোন:**

দেশের জিডিপি-তে এমএসএমইগুলির অবদান স্বীকৃত। তা সত্ত্বেও, এমএসএমই সেক্টরে ক্রেডিট ফ্লো'র ভাগ দীর্ঘ সময় ধরে অনুপাতে ক্ষুদ্রই থেকে গিয়েছে। সামগ্রিক ব্যাঙ্কিং সেক্টরে এমএসএমই-গুলির নিম্ন ডেলিংকুয়েনসি রেশিও থাকা সত্ত্বেও, ব্যাঙ্কগুলি সাধারণত এমএসএমই-গুলিকে ঋণ দেওয়ার জন্য ঝুঁকিপূর্ণ ক্ষেত্র মনে করে। এছাড়াও, ঋণদাতাদের দীর্ঘ প্রক্রিয়ার প্রথা এমএসএমই-গুলির জন্য সহজে ঋণ পাওয়া কঠিন করে দেয়। সহজ এবং দ্রুত, নির্ঝঞ্ঝাট ঋণের লভ্যতার চাহিদা সর্বদা আছে যেটি ব্যবসায়ীদের দ্বারা তাদের সুবিধেমত আবেদন এবং উপলব্ধ করা যেতে পারে।

**রিসিভেব্ল ফিনানসিং:**

এমএসএমই-গুলি মাঝারি ও বৃহৎ শিল্পের উৎপাদ এবং পরিষেবা সরবরাহকারী হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা নেয়। তবে, মাঝারি ও বৃহৎ শিল্পের দর কষাকষি করবার উচ্চ ক্ষমতার জন্য, এমএসএমই-গুলির প্রাপ্য পেতে দেরী হয়। এর ফলে, এই সেক্টরটি দেরিতে হওয়া পেমেন্টের সমস্যায় ভুগে চলেছে, প্রধানত কর্পোরেট ক্রেতার ওপর তাদের নির্ভরতার জন্য এবং তাদের পেমেন্টে দেরির সমস্যা উপযুক্ত সাংগঠনিক চ্যানেলের মাধ্যমে তুলে না ধরতে পারার জন্য। ট্রেড রিসিভেব্লসের দ্রুত কনভার্শন, যা চালু মূলধনের একটি প্রধান অংশ, একটি এমএসএমই-র লিকুইডিটির লভ্যতার জন্য খুবই গুরুত্বপূর্ণ।

**হ্যান্ডহোল্ডিং সাপোর্ট:**

এটি প্রধানত মাইক্রো / নতুন ব্যবসায়ীদের জন্য একটি বড় বাধা রয়ে গিয়েছে যে তাদের জরুরী ব্যবসার বুদ্ধি থাকা সত্ত্বেও, ঋণের লভ্যতা, আইনী অনুবর্তিতা এবং বাজারের ব্যাপ্তির জ্ঞানের নিরিখে তারা প্রায়ই বড় সংস্থাগুলির থেকে পিছিয়ে রয়েছে। এতে সহজ বিষয় যেমন আবেদন ভরা থেকে সাবসিডি পাওয়া/প্রজেক্ট রিপোর্ট/ব্যালান্স শিট বানানো, রিটার্ন ফাইলিং ইত্যাদি আসে। ব্যবসায়ী অবশেষে ব্যবসার জগতের গোলকধাঁধায়ে পথ হারিয়ে ফেলে যা থেকে তাদের ঋণের যোগ্যতার ভিতটি দুর্বল হয়ে যায়, এবং এর জন্য তাদের ব্যবসার অসময়ে শেষ ঘনিয়ে আসে।

**মার্কেট কানেক্ট:**


সাধারণত, একটি এমএসএমই একটি ছোট ভৌগলিক গন্ডি কিম্বা একটি ক্ষুদ্র গ্রাহক ক্ষেত্রের মধ্যে কাজ করে। এমএসএমই-গুলিতে ব্যবসার স্থবিরতা এবং অসাফল্যের প্রধান কারণগুলির মধ্যে একটি হল তাদের নতুন বাজার না পাওয়া। একটি স্বল্প গ্রাহক ক্ষেত্র তাদের ঝুঁকি এবং বাজারের ওঠানামায়ে দুর্বলতা বাড়িয়ে দেয়।

**কোল্যাটেরাল সিকিউরিটির অভাব:**

প্রাথমিক ধাপে এবং বৃদ্ধির সময় একটি এমএসএমইর ব্যাঙ্ক ঋণের প্রয়োজন হয়। প্রার্থীর কোনো কোল্যাটেরাল না থাকা এবং ঋণদাতার সেটি কামনা করার মধ্যে একটি অসামঞ্জস্য থেকে যায়। গ্যারান্টি সংস্থা যেমন সিজিটিএমএসই এবং এনসিজিটিসি যদিও তাদের কাজ করছে, এমএসএমইগুলি তাদের যোগ্যতা জানতে সমস্যায় পড়ে।

# ডিজিটাল এনেব্লারদের মাধ্যমে সমাধান

ডিজিটাল এনেব্লাররা অনেকগুলি চ্যানেলের মাধ্যমে এমএসএমইগুলির সমস্যার কার্যকরী সমাধান দেয় যেগুলিকে এইভাবে শ্রেণীভুক্ত করা যায়:




## ফিনান্সিয়াল

### ক) পিএসবি লোন:

ফিনটেকগুলি ফিনান্সিয়াল সেক্টরে ব্যাপক রদবদল এনে চলেছে। উপলব্ধ তথ্যের নিরীক্ষণ করবার জন্য প্রযুক্তির ব্যবহার কেবল ক্রেডিট ডেলিভারি প্রক্রিয়াকে দ্রুততরই করেনি, তার সঙ্গে ঋণ দেওয়ার ঝুঁকিও কমিয়েছে। তেমনই একটি প্ল্যাটফর্ম হল PSBLoansin59minutes যা SIDBI দেশের প্রধান ব্যাঙ্কগুলির সঙ্গে মিলে আরম্ভ করেছে। এটি একটি অনলাইন মার্কেটপ্লেস যেটি 59 মিনিটের কম সময় পাবলিক সেক্টর ব্যাঙ্ক এবং এনবিএফসিগুলি থেকে এমএসএমই বিজনেস লোনগুলির (টার্ম লোন / ওয়ার্কিং ক্যাপিটাল লোন) এবং রিটেল লোনগুলির (পার্সোনাল লোন, হোম লোন এবং অটো লোন) ইন-প্রিন্সিপল অনুমোদন করতে সাহায্য করে।

এই প্ল্যাটফর্মটি ইন-প্রিন্সিপল লোন প্রসেসিংয়ের টার্ন অ্যারাউন্ড টাইম কয়েক দিন থেকে 59 মিনিটে কমিয়ে একটি নতুন মাপকাঠি তৈরী করেছে। ইন-প্রিন্সিপল অ্যাপ্রুভাল লেটার পাওয়ার পর, লোনটি 7 থেকে 10 দিনের মধ্যে অনুমোদন / ডিসবার্স হওয়ার আশা করা যায়।

এই সহজ ইউজার ফ্রেন্ডলি পোর্টালটি কন্টাক্ট লেস যাত্রা প্রদান করে যেখানে একজন ঋণগ্রাহকের ইন-প্রিন্সিপল অনুমোদনের জন্য ব্যাঙ্ক শাখায় যাওয়ার প্রয়োজন হয় না। প্ল্যাটফর্মটি অত্যাধুনিক অ্যাল্গরিদ্ম দিয়ে বিভিন্ন সূত্রের ডেটা পয়েন্ট নিরীক্ষণ করে যেমন আইটি রিটার্ন, জিএসটি ডেটা, ব্যাঙ্ক স্টেটমেন্ট ইত্যাদি।

## দ্রুততর এবং দক্ষ ক্রেডিটের জন্য পিএসবি লোন প্রক্রিয়া

রিটেল ঋণগ্রাহক ❯ রেজিস্টার করে এবং অনলাইন আবেদন করে ❯

### কাস্টমার ডেটা ফিল

- ITR
- ব্যাঙ্ক স্টেটমেন্ট
- ডেটা ফিল আপ

### ডেটা এবং ব্যাক-এন্ড চেক

- কনজিউমার বিউরো চেক

### অটো স্কোর এবং চেক

- অটো স্কোরিং
- প্রোডাক্ট পলিসি অটো চেক
- অটো এলিজিবিলিটি ক্যালকুলেশন
- অটো অ্যাপ্রুভাল

❯ গ্রাহক ঋণদাতা নির্বাচন করবার সুযোগ পায়

রিয়েল টাইম ইন-প্রিন্সিপল অ্যাপ্রুভাল লেটার



## প্রধান বৈশিষ্ট এবং সুবিধে


- যেকোনো সময়, যেকোনো জায়গা থেকে আবেদন
- সহজে বোধগম্য
- রিয়েল টাইম প্রসেসিং
- অনলাইন ইন প্রিন্সিপল প্রসেসিং
- ন্যূনতম ডকুমেন্টেশন
- প্রযুক্তি আধারিত যোগ্যতা যাচাই
- কোনো মানবিক পক্ষপাতিত্ব নেই
- স্বচ্ছ শর্তাবলী




## অন্য সুবিধে

| | |
|---|---|
| ইন-প্রিন্সিপল অ্যাপ্রুভাল | • 10 লক্ষ টাকা পর্যন্ত মুদ্রা লোন<br>• 1 লক্ষ থেকে 5 কোটি টাকা পর্যন্ত এমএসএমই টার্ম লোন এবং ওয়ার্কিং ক্যাপিটাল লোন |
| সুবিধে | • একটি লোনের জন্য এমএসএমই-টি ব্যাঙ্ক না গিয়েই একটি বোতাম টিপে আবেদন করতে পারে |
| দ্রুত প্রসেসিং | • একটি সহজ প্রক্রিয়ার মাধ্যমে, 59 মিনিটের মধ্যে আবেদনকারী তার লোনের জন্য একটি ইন-প্রিন্সিপল অ্যাপ্রুভাল পেতে পারেন। |
| সিজিটিএমএসই কভারেজ | • পোর্টালটি যোগ্য আবেদনকারীদের কোল্যাটেরালহীন ঋণ পাওয়ার একটি সুযোগ দেয়। |
| সরাসরি অ্যাকাউন্ট-এ রাশি | • ঋণ গ্রহণকারি ঋণের রাশি সরাসরি তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট-এ পাওয়ার সুবিধে পান। |
| ফ্লেক্সিব্ল টেনিওর | • সুলভ রেট অফ ইন্টারেস্ট |
| পিএসবি ইনটিগ্রেশন | • 25টির বেশি সরকারী এবং বেসরকারী ব্যাঙ্ক এবং এনবিএফসি প্ল্যাটফর্মটিতে যোগ দিয়েছে। |

## পোর্টালটি কিভাবে ব্যবহার করবেন




## খ) ভীম-ইউপিআই

দেশে সামগ্রিকভাবে এমএসএমই ঋণ বাড়িয়ে তুলতে, ব্যাঙ্কগুলি এমএসএমইগুলি থেকে আবেদনের ধাপে প্রাথমিক তথ্য / ডেটা পয়েন্ট নেওয়া থেকে লোন প্রসেসিং, লোন মনিটরিং, রিস্ক মেজারমেন্ট, এবং বাল্ক অর্ডার, দুর্যোগ ইত্যাদির সময় চট-জলদি লোনের অ্যাসেস্মেন্ট পর্যন্ত সমগ্র ক্রেডিট অ্যাক্সেস ভ্যালু চেনটিকে ডিজিটাইজ করতে আরম্ভ করেছে। এমএসএমই-গুলির ওয়েব এবং মোবাইল ফোন ব্যবহার করতে পারদর্শী হওয়া প্রয়োজন। ডিজিটাইজেশনের দিকে ব্যাপক মোড় সাশ্রয়কারী আন্ডার রাইটিং, দ্রুত এবং উত্তম ক্রেডিট সিদ্ধান্ত এবং রিপেমেন্ট পিরিয়ডে উন্নততর অনুবর্তিতা নিয়ে এসেছে। এছাড়াও, এমএসএমই-গুলি যারা স্বচ্ছ ডিজিটাল লেনদেন সম্পর্কে ওয়াকিবহাল, তাদের দীর্ঘমেয়াদী লাভ হবে।

*ডিজিটাল হন এবং ক্ষমতায়নের শক্তি পান*

### রিটেল পেমেন্ট সিস্টেম

বিভিন্ন পেমেন্ট সিস্টেমের মধ্যে, ন্যাশনাল ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার (এনইএফটি), ইমিজিয়েট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস) এবং রিয়েল টাইম গ্রস সেট্লমেন্ট (আরটিজিএস) গ্রাহকের ফান্ড ট্রান্সফারের প্রয়োজন নির্বাহ করে। এনইএফটি কে 24x7 ভিত্তিতে কার্যকরী করা হয়েছে যেকোনো সময় ডিজিটাল পেমেন্টের লভ্যতা নিশ্চিত করবার জন্য। আইএমপিএস ও একটি 24x7 তাৎক্ষণিক ফান্ড ট্রান্সফার ব্যবস্থা আর আরটিজিএস হল ইন্টার ব্যাঙ্ক লেনদেন ছাড়াও 2 লক্ষ টাকার থেকে বেশি মূল্যের লেনদেন প্রসেস করবার জন্য।

ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস (ইউপিআই) আরম্ভ হওয়ায় মোবাইল পেমেন্ট ব্যবস্থা আমূল পাল্টে গেছে। ভারত বিল পেমেন্ট সিস্টেম (বিবিপিএস) দেশের মধ্যে যেকোনো সময়, যেকোনো জায়গায়, যেকোনো ভাবে বিল পেমেন্টের সুবিধে দিচ্ছে এবং সব ধরনের ইলেক্ট্রনিক পেমেন্ট-এর সঙ্গে কাজ করে।

ভারত ইন্টারফেস ফর মানি (BHIM) একটি অ্যাপ যা আপনাকে ইউনিফায়েড পেমেন্ট ইন্টারফেস (ইউপিআই) ব্যবহার করে সরল, সহজ এবং দ্রুত পেমেন্ট করতে দেয়। আপনি ততক্ষনাৎ ব্যাঙ্ক থেকে ব্যাঙ্ক-এ পেমেন্ট করতে পারেন এবং কেবল মোবাইল নম্বর কিম্বা ভার্চুয়াল পেমেন্ট অ্যাড্রেস (ইউপিআই আইডি) ব্যবহার করে রাশি সংগ্রহ করতে পারবেন।




ছবি সূত্রঃ https://www.npci.org.in/

## প্রধান বৈশিষ্ট

| | |
|---|---|
| টাকা পাঠানো | • ভার্চুয়াল পেমেন্ট অ্যাড্রেস (ইউপিআই আইডি), অ্যাকাউন্ট নম্বর এবং QR স্ক্যান দিয়ে টাকা পাঠান। |
| টাকা সংগ্রহ করা | • ভার্চুয়াল পেমেন্ট অ্যাড্রেস (ইউপিআই আইডি) ভরে টাকা সংগ্রহ করুন। এছাড়া BHIM অ্যাপের মাধ্যমে, মোবাইল নম্বর ব্যবহার করেও টাকা ট্রান্সফার করা যায়। |
| স্ক্যান অ্যান্ড পে | • স্ক্যান অ্যান্ড পে'র মাধ্যমে কিউ আর কোড স্ক্যান করে পেমেন্ট করুন কিম্বা নিজের কোড তৈরী করে অন্যদের সহজে পেমেন্ট করতে দিন। |
| লেনদেন | • আপনার লেনদেনের ইতিহাস এবং বাকি ইউপিআই কালেক্ট অনুরোধ দেখুন (যদি থাকে)। |
| ব্যাঙ্ক অ্যাকাউন্ট | • আপনার BHIM অ্যাপের সঙ্গে বিবিধ ব্যাঙ্ক অ্যাকাউন্ট-এর মধ্যে সুইচ করুন। আপনি আপনার UPI PIN সেট/চেঞ্জ করতে পারেন। |
| ভাষা | • BHIM 13টি ভাষায় উপলব্ধ, যথা হিন্দি, ইংরেজি, তামিল, তেলুগু, মালায়ালম, বাংলা, ওরিয়া, কন্নড়, গুজরাটি, মারাঠি এবং অসমীয়া। |
| ইউজার ব্লক করা | • বেআইনি সূত্রে যে ইউজাররা আপনাকে কালেক্ট অনুরোধ পাঠাচ্ছে তাদের ব্লক/ স্প্যাম করুন। |
| প্রাইভেসি | • একজন ইউজার একটি প্রোফাইলে mobilenumber@upi অচল ও সচল করতে পারে যদি একটি দ্বিতীয় ইউপিআই আইডি তৈরী করা হয় (অচল ইউপিআই আইডির কিউ আরটিও অচল হয়ে যাবে)। |
| পেমেন্ট রিমাইন্ডার | • আপনার সুবিধেমত পেমেন্ট শিডিউল করুন। |
| বিল ভাগ করুন | • একটি বোতাম টিপে অনেকগুলি ইউপিআই ইউজারের সঙ্গে বিল ভাগ করে নিন। |

## BHIM UPI অ্যাপ কিভাবে ব্যবহার করবেন



ছবি সূত্রঃhttps://www.npci.org.in/

## BHIM UPI অ্যাপের মাধ্যমে নির্ঝঞ্ঝাট লেনদেন করতে, নিচের ধাপগুলি মেনে চলা যায়ঃ

গুগল প্লে স্টোর/ অ্যাপল অ্যাপ স্টোর থেকে BHIM UPI অ্যাপ ডাউনলোড এবং ইনস্টল করুন।

আপনার পছন্দের ভাষা চয়ন করুন।

আপনার ব্যাঙ্ক-এর সাথে রেজিস্টার করা মোবাইল নম্বরটি যে সীম কার্ডটিতে আছে সেটি চয়ন করুন।

অ্যাপটিতে প্রবেশ করতে অ্যাপলিকেশন প্রয়োজনীয় পাসকোড সেট করুন।

ব্যাঙ্ক অ্যাকাউন্ট অপশনটি ব্যবহার করে আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টগুলি লিংক করুন।

ডেবিট কার্ডের শেষ 6টি সংখ্যা এবং এক্সপাইরি ডেট দিয়ে আপনার UPI PIN সেট করুন।


সেন্ড এ ক্লিক করুন এবং UPI ID কিম্বা আধার নম্বর ভরুন। আপনি যাকে টাকা পাঠাতে চান তার কিউ আরটি স্ক্যান অ্যান্ড পে করতে পারেন।

ট্রানজ্যাকশনটি অথেন্টিকেট করতে আপনার আগে সেট করা UPI Pin টি এন্টার করুন।

ট্রানজ্যাকশনটির স্টেটাস দেখতে ট্রানজ্যাকশনটি হিস্ট্রী দেখুন।

### গ) RXIL

2014-এ আরবিআই TReDS-এর ধারণাটি আরম্ভ করে, যা এমএসএমই-গুলির জন্য ট্রেড রিসিভেব্ল ফিনান্সিংয়ের একটি সুরক্ষিত এবং ডিজিটাল প্ল্যাটফর্ম। TReDS-এ ইনভয়েস ডিসকাউন্টিংয়ের তিনটি অংশীদার থাকে যথা, এমএসএমই সাপ্লায়ার, কর্পোরেট ক্রেতা এবং ফিনান্সার। ইনভয়েসটি ডিসকাউন্টিংয়ের পদ্ধতি অনুযায়ী ক্রেতা অথবা সাপ্লায়ার দ্বারা আপলোড করা হয় এবং অপর পার্টি দ্বারা অ্যাপ্রুভ করা হয়। একবার ইনভয়েসটি অ্যাপ্রুভ হয়ে গেলে প্ল্যাটফর্মে থাকা ফাইনান্সাররা ইনভয়েসটির ওপর বিড করতে আরম্ভ করেন। প্ল্যাটফর্মে সাপ্লায়ার বিডটি গ্রহণ করবার পর, ডিস্কাউন্ট করা রাশি তার অ্যাকাউন্ট-এ নির্দিষ্ট সময়ের মধ্যে ক্রেডিট হয়ে যায়। এই পাওনাগুলি কর্পোরেট এবং অন্যান্য ক্রেতা থেকেও যেমন সরকারী বিভাগগুলি এবং পাবলিক সেক্টর আন্ডারটেকিংগুলিও (PSUs) হতে পারে। দেশে তিনটি TReDS প্ল্যাটফর্ম কাজ করছে। এর মধ্যে একটি হল আরএক্সআইএল RXIL। রিসিভেব্লস এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া (RXIL) একটি SIDBI-NSE জয়েন্ট ভেঞ্চার যেটি রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া দ্বারা জারি করা TReDS নির্দেশিকা অনুযায়ী ট্রেড রিসিভেব্লস ডিসকাউন্টিং সিস্টেম (TReDS) পরিচালনা করে। TReDS বিভিন্ন ফিনান্সারদের মাধ্যমে এমএসএমই-গুলির ট্রেড রিসিভেব্লস-এর ফিনান্সিংয়ের সুযোগ করে দেওয়ার একটি বৈদ্যুতিক প্ল্যাটফর্ম।




## এমএসএমই-গুলি TReDS থেকে কিভাবে লাভবান হয়েছে?

**সময়মত ক্রেডিট**

- সকল অংশীদারদের (ক্রেতা, বিক্রেতা এবং ফাইনান্সার)এবং রিসিভেব্ল ফাইনান্সিংয়ের গোটা প্রক্রিয়াটি একটি অনলাইন প্ল্যাটফর্মে নিয়ে আসা এটি নিশ্চিত করে যে এমএসএমই তার রিসিভেবল্স এর জন্য প্রাপ্য পেমেন্ট সময়মত পেয়ে যায়।

**রেট অফ ইন্টারেস্ট কমানো**

- যেহেতু ফাইনান্সার একটি বৃহৎ কর্পোরেটের ওপর এক্সপোজার নিচ্ছে, এটি ডিফল্ট এর ঝুঁকি কমিয়ে দেয় এবং এইজন্য সুদের হার কমে যায়।

**কোল্যাটেরালের প্রয়োজন নেই**

- TReDS-এর একটি বৈশিষ্ট হল যে বিক্রেতা এমএসএমই কে ক্রেডিটের জন্য কোনো কোল্যাটেরাল দিতে হয় না।


**চালু মূলধনের সীমার ওপর কোনো প্রভাব নেই**

- যেহেতু TReDS-এর অধীনে গ্রহণ করা ফান্ড 'অফ ব্যালান্স শিট এক্সপোজার'এর অংশ, এমএসএমই-টির চালু মূলধনের সীমার ওপর এর কোনো কুপ্রভাব পড়ে না।

**এমএসএমই-টি সুরক্ষা**

- পেমেন্টে দেরী অথবা পেমেন্ট না হওয়ার ক্ষেত্রেও, এমএসএমই-টি প্রভাবিত হয় না। ফাইনান্সার এমএসএমই থেকে রিসিভেব্লটি কিনেছেন, প্রয়োজনীয় পেমেন্ট করেছেন এবং দেরিতে হওয়া/না হওয়া পেমেন্টের ঝুঁকি এমএসএমই থেকে নিজের ওপর নিয়েছেন, এবং যদি কর্পোরেটটি পেমেন্ট না করে, এটি ফাইনান্সার এবং কর্পোরেটের মধ্যের ব্যাপার।

# পোর্টালটি কিভাবে ব্যবহার করবেন




***ফ্যাক্টরিং ইউনিট (FU)** হল ইনভয়েস এবং বিল্স অফ এক্সচেঞ্জের জন্য TReDS-এ ব্যবহৃত একটি মানক পরিভাষা। প্রতিটি FU কর্পোরেটগুলির কিম্বা অন্য ক্রেতা যেমন সরকারী বিভাগ ও পিএসইউ গুলিরও, একটি নিশ্চিত দায়ের প্রতিনিধিত্ব করে। TReDS-এ, FU এমএসএমই বিক্রেতা বা ক্রেতা উভয়ই তৈরী করতে পারে। যদি এমএসএমই বিক্রেতা এটি তৈরী করে, প্রক্রিয়াটিকে ফ্যাক্টরিং বলা হয়; যদি একই জিনিস কর্পোরেট অথবা অন্য ক্রেতা তৈরী করে, এটিকে রিভার্স ফ্যাক্টিং বলা হয়।*

# নন-ফিনান্সিয়াল

**ক) উদ্যমীমিত্র এবং স্ট্যান্ড আপ ইন্ডিয়া পোর্টাল:** স্ট্যান্ড আপ ইন্ডিয়া পোর্টাল এবং উদ্যমী মিত্র পোর্টাল (www.standupmitra.in & www.udyamimitra.in) দুটি পোর্টাল যা ব্যবস্থাটির সকল অংশীদারদের একত্রিত করে যার মধ্যে আছে শিডিউল্ড কমার্শিয়াল ব্যাঙ্ক, ফিনটেক, এনবিএফসি, এসএফবি, হ্যান্ডহোল্ডিং এজেন্সি (পিএম কেকে, পিএমকেভিওয়াই, আরএসইটিআই, আরইউডিএসইটিআই), সিএসসি-গুলি, ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশনগুলি, এনএবিএআরডি (এসইউসিসি হিসেবে) এবং SIDBI (এসইউসিসি হিসেবে), ইত্যাদি।

**উদ্যমী মিত্র পোর্টাল** (যেটি স্ট্যান্ড আপ ইন্ডিয়া পোর্টালের আই টি পরিকাঠামো ব্যবহার করছে) একটি এনেব্লিং প্ল্যাটফর্ম যেটির লক্ষ্য হল হ্যান্ডহোল্ডিং সাপোর্ট, অ্যাপ্লিকেশন ট্র্যাকিং, অংশীদারদের সাথে ভিন্ন ইন্টারফেসের মাধ্যমে অনেকগুলি ক্রেডিট প্লাস পরিষেবার জন্য 'এন্ড তো এন্ড' সমাধান দেওয়া। ঋণদাতারা এটিকে বেশি করে একটি লীড প্ল্যাটফর্ম হিসেবে ব্যবহার কর যেখানে বিজনেস লীডের রূপে ফিল্টার করা অ্যাপ্লিকেশন পাওয়া যায়। প্রত্যাশী/ঋণ গ্রাহকরা এটিকে ভরসাযোগ্য তথ্য পাওয়ার জন্য, প্রশ্নের উত্তরের জন্য, কিভাবে বিকশিত হবে/ ব্যাঙ্কেব্ল থাকবে এইসব জানার জন্য ব্যবহার করে। পোর্টালটি এইসবের মাধ্যমে সাহায্য করছে:

**ব্যাঙ্কেবিলিটি কিট**

প্রার্থীর জন্য ব্যাঙ্কেব্ল থাকা এবং আর্থিক অনুশাসন মেনে চলবার প্রথম উপদেশ হিসেবে তৈরী করে পোর্টালে আপলোড করা।

**সমৃদ্ধি চ্যাটবট**

সাধারণ প্রশ্নাবলির (এফ এ কিউ) জন্য একটি ভার্চুয়াল অ্যাসিস্টেন্ট।

**প্রোজেক্ট প্রফাইল**

আবেদনকারীদের তাদের বৃত্তি চিহ্নিত করতে ও বেছে নিতে সাহায্য করতে 325-রও বেশি প্রোজেক্ট প্রোফাইল পোর্টালে দেওয়া আছে।

**রেফারেন্স উৎপাদান**

এমএসএমই-গুলির সহজ রেফারেন্সিং-এর জন্য অডিয়ো ভিজুয়াল (এভি) এবং স্বাবলম্বন ইনফো সিরিজ (3টি বই) পোর্টালে আপলোড করা আছে।

**ক্রেডিট কানেক্ট**

প্রায় 140টি ঋণদাতা যাদের 1.3 লক্ষেরও বেশি ব্যাঙ্কের শাখা রয়েছে, 7000-র বেশি সক্রিয় হ্যান্ডহোল্ডিং এজেন্সি (সারটিফাইড ক্রেডিট কাউন্সিলার-সিসিসি/সিসিআই-গুলিকে নিয়ে) এই পোর্টালের সাথে যুক্ত করা রয়েছে।

**উন্নত ই-টুল্স**

এই পোর্টালটি বিভিন্ন উন্নত ই-টুল্স দিয়ে সক্রিয় করা রয়েছে যেমন হ্যান্ডহোল্ডিং ইন এ ভার্চুয়াল এনভায়রনমেন্ট (এইচএভিই), ক্রেডিট বিউরো স্কোর, ই-কেওয়াইসি, ই-অ্যালার্টস, রুল ইঞ্জিন ফর সিজিটিএমএসই/এনসিজিটিসি, অ্যাকসেস টুল কিট, ইত্যাদি।

# প্রধান বৈশিষ্ট্য

**ম্যাচমেকিং প্ল্যাটফর্ম**

- এমএসএমই লোন সন্ধানকারীদের, ঋণদাতা এবং হ্যান্ডহোল্ডিং এজেন্সিদের জন্য এটি একটি অনন্য ম্যাচমেকিং প্ল্যাটফর্ম প্রদান করে। এই পোর্টালটির ডিজাইনে বিভিন্ন ধরণের এমএসএমই লোণ আবেদন গ্রহণ করার ক্ষমতা রয়েছে। বর্তমানে 10 কোটি পর্যন্ত লোন অ্যাক্সেস করা যাবে। পোর্টালটি বিভিন্ন অংশীদারদের নিয়ে একটি সাপোর্ট সিস্টেম তৈরি করার জন্য একটি গুরুত্বপূর্ণ ইন্টারফেস স্তর হয়ে ওঠার লক্ষ্য রাখে।

**সকলকে ইনক্লুসিভ অ্যাক্সেস**

- এটি আর্থিক (1.3 লক্ষ শাখা) এবং আর্থিক নয় এমন পরিষেবাগুলিতে (17000+ হ্যান্ডহোল্ডিং এজেন্সি) উভয়কেই তিনটি স্বতন্ত্র বৈশিষ্ট্যযুক্ত অ্যাক্সেস প্রদান করে যেমন (1) হ্যান্ডহোল্ডিং-এর সহায়তার সন্ধান করা; (2) পছন্দসই ব্যাঙ্কগুলি বাছাই করা এবং সেগুলিতে লোনের জন্য আবেদন করা; (3) দ্রুত লোন প্রক্রিয়াকরণ সক্ষম করা।

**আর্থিক নয় এমন পরিষেবার অ্যাক্সেস দেওয়া**


- এই পোর্টালটি হ্যান্ডহোল্ডিং এজেন্সিগুলিকে তাদের দক্ষতা অনুযায়ী বিভিন্ন ক্ষেত্রে চিহ্নিত করেছে যেমন আর্থিক ট্রেনিং, স্কিল ডেভেলপমেন্ট, প্রজেক্ট রিপোর্ট তৈরি করা, আবেদনপত্রগুলি ফাইল করা, ওয়ার্ক শেড এবং রাজ্য/কেন্দ্রীয় সংস্থা/কর্পরেশন দ্বারা পরিচালিত মার্জিন মানি/ ভর্তুকি সহায়তা-কে অ্যাক্সেস করা। এর উদ্দেশ্য হল এটিকে এমন একটি পোর্টাল হিসেবে বিকশিত করা যেটি সম্পূর্ণ ব্যবসার উন্নয়নের সময় ব্যবসায়ীদের প্রয়োজনীয়তার সময় উপস্থিত থাকবে।

**ফিনান্সে অ্যাক্সেস**


- বর্তমানে, প্রায় 1.3 লক্ষ শাখা (সরকারী ক্ষেত্রের ব্যাংক, বেসরকারী ক্ষেত্রের ব্যাংক, বিদেশী ব্যাংক, এনবিএফসি, ফিনটেক, ক্ষুদ্র ফিনান্স ব্যাংক) পোর্টালের সাথে যুক্ত করা রয়েছে। পোর্টালটি ম্যানুয়াল অপারেশনগুলিকে বৈদ্যুতিন প্ল্যাটফর্মের দ্বারা প্রতিস্থাপন করে যেটি সমস্ত ব্যাংককে প্রাক-অনুমোদনের প্রক্রিয়াটিকে একটি সহজ উপায়ে মানসম্মত করবে। পোর্টালটিতে একটি মার্কেট প্লেস রয়েছে যেখানে ব্যাঙ্কাররা তাদের লোন বিতরণীকরণের ক্ষেত্রে নিজেদের মধ্যে প্রতিযোগিতা করতে পারবেন।

# উদ্যমীমিত্র পোর্টালে আবেদনকারীর যাত্রা


## ওয়েবসাইট যাত্রা




## ড্যাশবোর্ড




## লোন আবেদন করার প্রক্রিয়া



# স্ট্যান্ড আপ ইন্ডিয়া পোর্টাল

(শিডিউল্ড কাস্ট (এসসি), শিডিউল্ড ট্রাইব (এসটি) এবং মহিলা ব্যবসায়ীদের গ্রিনফিল্ড সংস্থাগুলি প্রতিষ্ঠিত করতে উৎসাহিত করা)

দ্যা স্ট্যান্ড আপ ইন্ডিয়া পোর্টাল (www.standupmitra.in) এসসি, এসটি এবং মহিলা বিভাগের মধ্যে ব্যবসার প্রচার করবার জন্য তিনটি স্তম্ভের ওপর ভিত্তি করে এগুলির মাধ্যমে একটি ডিজিটাল প্ল্যাটফর্ম প্রদান করে:

(i) হ্যান্ডহোল্ডিং সহায়তা
(ii) আর্থিক তথ্য প্রদান
(iii) ক্রেডিট গ্যারেন্টি

সম্ভব্য ব্যবসায়ীরা এই ইন্টেরাক্টিভ পোর্টালের মাধ্যমে সহায়তার অথবা এই পোর্টালটিতে গিয়ে লোনের জন্য রেজিস্টার করার সঠিক পথ খুঁজে নিতে পারবেন। এই পোর্টালটি কেন্দ্রীয় এবং রাজ্য এসসি/এসটি কর্পোরেশান, ইন্ডাস্ট্রি অ্যাসোসিয়েশান অফ এসসি/এসটি এবং/অথবা মহিলা ব্যবসায়ীদের সাথে গুরুত্বপূর্ণ সংযোগ প্রদান করে। স্ট্যান্ড আপ ইন্ডিয়া পোর্টালের কয়েকটি প্রধান বৈশিষ্ট্য এবং প্রস্তাবগুলি নীচে দেওয়া আছে:







**খ) সিজিটিএমএসই:** ব্যবসায়ীদের প্রথম প্রজন্মরা যাতে তাদের নিজস্ব মাইক্রো এবং স্মল এন্টারপ্রাইজ ব্যবসা সংস্থাপন করার স্বপ্ন পূরণ করতে পারে তাই তাদের সাহায্য করার জন্য মাইক্রো, স্মল এবং মিডিয়াম এন্টারপ্রাইজের (এমএসএমই) মন্ত্রালয়, ভারত সরকার ক্রেডিট গ্যারেন্টি স্কিম (সিজিএস) শুরু করেছে এমএসই ক্ষত্রের জন্য ক্রেডিট ডেলিভারি সিস্টেমকে আরও শক্তিশালী করে তুলতে এবং তাদের কাছে ক্রেডিট লোনের প্রবাহ যাতে সহজ ভাবে আসে। এই পরিকল্পনাকে পরিচালিত করার জন্য ভারত সরকার এবং এসইডিবিআই ক্রেডিট গ্যারেন্টি ফান্ড ট্রাস্ট ফর মাইক্রো এবং স্মল এন্টারপ্রাইজ (সিজিটিএমএসই) প্রতিষ্ঠান করেছে।

## ক্রেডিট গ্যারেন্টি:

ক্রেডিট গ্যারান্টি হল কোন কোল্যাটেরাল/তৃতীয় পক্ষের গ্যারান্টি ছাড়াই একটি সংস্থার ক্রেডিট লোনের সুবিধার সাহায্য পাওয়া। যে সংস্থাটি ক্রেডিট গ্যারান্টি দিচ্ছে, সেই লোনের পরিমাণের বেশির ভাগ আংশটিরই কভার প্রদান করছে। সিজিটিএমএসই-র দ্বারা দেওয়া ক্রেডিট গ্যারান্টি অনুযায়ী, নতুন এবং পুরনো উভয় এমএসএমই কভারের পাওয়ার জন্য উপযুক্ত।

## সিজিটিএমএসই-এর সুবিধাগুলি কিভাবে পাওয়া যাবে

উপযুক্ত ঋণপ্রদানকারী সংস্থাগুলিকে সিজিটিএমএসই-এর সাথে একটি "এক কালীন" চুক্তিতে প্রবেশ করতে হবে ট্রাস্টের মেম্বার লেন্ডিং ইন্সটিটিউশান্স (এমএলআই) হওয়ার জন্য।

এমএলআইগুলি এর পরে যে কোনও যোগ্য লোন গ্রহণকারীকে অনুমোদিত ক্রেডিট প্রদানের ক্ষেত্রে গ্যারান্টি কভারের জন্য আবেদন করতে পারে।

এমএলআইগুলি পরের ত্রৈমাসিকের পূর্বে এপ্রিল-জুন, জুলাই-সেপ্টেম্বর, অক্টোবর-ডিসেম্বর এবং জানুয়ারী-মার্চ মাসে অনুমোদিত ক্রেডিট প্রস্তাবগুলির ক্ষেত্রে গ্যারান্টি কভারের জন্য আবেদন করতে পারে।

## প্রধান বৈশিষ্ট্য

**যোগ্য ঋণপ্রদানকারী সংস্থা**

- শিডিউল্ড বাণিজ্যিক ব্যাঙ্কগুলি (পাবলিক সেক্টর ব্যাংক/প্রাইভেট সেক্টর ব্যাংক/ বিদেশী ব্যাংক) এবং কয়েকটি বাছাই করা আঞ্চলিক গ্রামীণ ব্যাংক (যা নাবার্ড দ্বারা 'দীর্ঘ সময় ধরে সক্ষম' বিভাগে শ্রেণীবদ্ধ করা হয়েছে)।

**যোগ্য ক্রেডিট সুবিধা**

- টার্ম লোন এবং/অথবা ওয়ার্কিং ক্যাপিটাল উভয় সুবিধা যে কোন নতুন অথবা পুরনো ক্ষুদ্র এবং ছোট ব্যাবসাকে 100 লক্ষ টাকা পর্যন্ত প্রতি ধারের ইউনিট, কোন কোল্যাটেরাল / তৃতীয় পক্ষের গ্যারান্টি ছাড়াই মেয়াদ বাড়িয়ে দেওয়া হবে।

**গ্যারান্টি কভার**

- ক্রেটিট সুবিধার অনুমোদিত পরিমাণের 50%/75%/80% ও 85% পর্যন্ত।

**হাইব্রিড সুরক্ষা**

- সিজিটিএমএসই একটি নতুন "হাইব্রিড সুরক্ষা" প্রোডাক্ট শুরু করেছে যেটি ক্রেডিট সুবিধার সেই অংশটির গ্যারান্টি কভার প্রদানে সম্মতি দেয় যেটি কোল্যাটেরাল দ্বারা কভার হয় না। আংশিক কোল্যাটেরাল মডেলে, এমএলআইগুলিকে ক্রেডিট সুবিধার একটি অংশের জন্য কোল্যাটেরাল নিতে সম্মতি দেওয়া হবে, কিন্তু ক্রেডিট সুবিধার বাকি অংশটি, সর্বাধিক 200 লক্ষ পর্যন্ত, সিজিটিএমএসই-এর অন্তর্গত কভার করা যাবে।

**মেয়াদ**

- গ্যারেন্টি, গ্যারেন্টি ফী প্রদানের ই তারিখ থেকে শুরু হবে এবং সেটি টার্ম লোন/কম্পোজিট লোনের ক্ষেত্রে টার্ম ক্রেডিটের অনুমত সময় পর্যন্ত চলবে এবং যেক্ষেত্রে কেবল ওয়ার্কিং ক্যাপিটালের সুবিধা ঋণগ্রহণকারীদের প্রদান করা হয়েছে, সেই ক্ষেত্রে 5 বছর ধরে চলবে, অথবা গ্যারান্টি ট্রাস্ট দ্বারা যে সময়কাল নির্দিষ্ট করা হতে পারে সেই পর্যন্ত চলবে।

**বার্ষিক গ্যারেন্টি ফী**

- ক্রেডিট সুবিধার জন্য:
  - 5 লক্ষ টাকা পর্যন্ত : 1.00+ রিস্ক প্রিমিয়াম*
  - 5 লক্ষ টাকার বেশি এবং 50 লক্ষ টাকা পর্যন্ত: 1.35+ রিস্ক প্রিমিয়াম (মহিলা, মাইক্রো ব্যবসা এবং এনইআর ইউনিটগুলির জন্য) এবং : 1.50 + রিস্ক প্রিমিয়াম* (অন্যদের জন্য)
  - 50 লক্ষ টাকার বেশি এবং 200 লক্ষ টাকা পর্যন্ত: 1.80 + রিস্ক প্রিমিয়াম


বর্তমানে, উদ্যমী মিত্র পোর্টাল, স্ট্যান্ড আপ ইন্ডিয়া পোর্টাল এবং পিএসবি 59 মিনিটস পোর্টাল যোগ্যতার যাচাই প্রদান করে।

# মার্কেট কানেক্ট

## ক) ই-কমার্স প্ল্যাটফর্মস

ভারতবর্ষে ই-কমার্স ব্যবসার আবির্ভাব এমএসএমই-দের জন্য অন্তহীন সুযোগ খুলে দিয়েছে। এছাড়াও, জিএসটি ফ্রেমওয়ার্কের সূচনার সাথে, এমএসএমইগুলির ভৌগলিক প্রতিবন্ধকতাগুলিও ভেঙে গিয়েছে। অনেক এমএসএমই-রা দেশের বিভিন্ন জায়গায় সরবরাহ করার জন্য অ্যামাজন এবং ফ্লিপকার্টের মত পোর্টালে নিজেদের রেজিস্টার করছে।

যে কোন ই-কমার্স সাইটগুলিতে বিক্রয় করার পদ্ধতি




## খ) গভার্মেন্ট ই-মার্কেটপ্লেস (জিইএম)

সরকারী ক্রয় এমএসএমইদের জন্য আয় বাড়ানোর দুর্দান্ত সুযোগ নিয়ে আসে। কিন্তু, অনেক কঠোর নিয়মের জন্য, সরকারী এজেন্সিগুলিতে সরাসরি সরবরাহ করতে তাদের অযোগ্য বলে মনে করা হয়। এই সমস্যার সমাধান করবার জন্য এবং যে ডিজিটাল প্ল্যাটফর্মগুলি উপলব্ধ রয়েছে সেগুলির সুবিধা নেওয়ার জন্য, সরকার গভার্মেন্ট ই-মার্কেটপ্লেস (জিইএম) পোর্টালের মত একটি সমাধান নিয়ে এসেছে। জিইএম হল বিভিন্ন সরকারী বিভাগ/সংস্থা/পিএসইউ-গুলির প্রয়োজনীয় সাধারণ ব্যবহারের জন্য পণ্য ও পরিষেবাগুলির অনলাইন সংগ্রহকে সহজতর করবার একটি ওয়ান স্টপ পোর্টাল। জিইএম-এর উদ্দেশ্য হল সরকারী সংগ্রহের স্বচ্ছতা, দক্ষতা এবং গতি উন্নত করা। এটি ই-বিডিং, রিভার্স ই-অকশান এবং ডিমান্ড অ্যাগ্রেগেশানের মত টুল প্রদান করে যাতে সরকারী ব্যবহারকারীরা তাদের অর্থের সেরা মূল্য পায়।

*সরকারী ব্যবহারকারীদের জিইএম-এর মাধ্যমে ক্রয় করাকে অর্থ মন্ত্রণালয়ের দ্বারা অনুমোদিত এবং বাধ্যতামূলক করা হয়েছে।*

## প্রধান বৈশিষ্ট্যঃ


| | |
|---|---|
| **স্বচ্ছতা** | বিক্রেতার রেজিস্ট্রেশনের সময়, অর্ডার দেওয়ার এবং পেমেন্ট প্রসেসিং-এর সময় হিউম্যান ইন্টারফেসকে অনেকটাই বাদ দেয়। একটি উন্মুক্ত প্ল্যাটফর্ম হওয়ায়, সরকারের সাথে ব্যবসা করতে ইচ্ছুক বিশ্বস্ত সরবরাহকারীদের প্রবেশে কোনও বাধা দেয় না। প্রতিটি ধাপে, ক্রেতাকে, তার সংস্থার প্রধানকে, অর্থ প্রদান কর্তৃপক্ষ এবং বিক্রেতাদেরও এসএমএস এবং ই-মেল নোটিফিকেশান পাঠানো হয়। |
| **দক্ষতা** | কয়েক মিনিটে ক্রয় করা যেতে পারে এবং পুরো প্রক্রিয়াটি হবে অনলাইনে, এন্ড টু এন্ড সমন্বিত এবং দাম যুক্তি যাচাইয়ের জন্য অনলাইন টুল সহ। |
| **সুরক্ষিত এবং নিরাপদ** | জিইএম একটি সম্পূর্ণ সুরক্ষিত প্ল্যাটফর্ম এবং সমস্ত ডকুমেন্টগুলিকে ক্রেতা এবং বিক্রেতা দ্বারা বিভিন্ন স্তরে ই-সই করা হয়। সরবরাহকারীদের প্রাকপরিচয় এমসিএ21, আধার এবং প্যানের তথ্য অনুযায়ী অনলাইন এবং স্বয়ংক্রিয়ভাবে যাচাই করা হয়। এ ছাড়াও, এসইবিআই দ্বারা তালিকাভুক্ত করা ক্রেডিট রেটিং এজেন্সিগুলিও সরবরাহকারীদের তৃতীয় পক্ষের যাচাই-এর পরিচালনার জন্য ব্যবহৃত হচ্ছে। |

## সুবিধা

| | |
|---|---|
| **ক্রেতার জন্য** | পৃথক বিভাগের জন্য পণ্য / পরিষেবাগুলির সমৃদ্ধ তালিকা |
| | অনুসন্ধান করার, তুলনা করার, বাছাই করার এবং ক্রয় করার সুবিধা |
| | যেমন ভাবে এবং যেকোনো সময়ে, অনলাইন পণ্য এবং পরিষেবা ক্রয় করা। |
| | ক্রয় করায় স্বচ্ছতা এবং সহজতা। |
| | অবিচ্ছিন্ন বিক্রেতার রেটিং সিস্টেম। |
| | সরবরাহ ক্রয় করার এবং পেমেন্ট নিরীক্ষণ করার জন্য ইউজার-ফ্রেন্ডলি ড্যাশ বোর্ড |
| | সহজ রিটার্ন নীতি |
| **বিক্রেতার জন্য** | সমস্ত সরকারী বিভাগগুলিতে সরাসরি প্রবেশাধিকার। |
| | ন্যূনতম প্রচেষ্টায় মার্কেটিং-এর জন্য ওয়ান-স্টপ শপ |
| | পণ্য/পরিষেবার ওপর বিড/রিভার্স অকশানের জন্য ওয়ান-স্টপ শপ |
| | বিক্রেতাদের জন্য নতুন পণ্যর ওপর পরামর্শ দেওয়ার সুবিধা রয়েছে |
| | পরিবর্তনশীল দাম: বাজারের অবস্থার ভিত্তিতে দাম পরিবর্তন করা যেতে পারে |
| | সরবরাহ বিক্রয় করার এবং পেমেন্ট নিরীক্ষণ করার জন্য ইউজার-ফ্রেন্ডলি ড্যাশবোর্ড |
| | ধারাবাহিক এবং অভিন্ন ক্রয়ের পদ্ধতি |


# পোর্টালটি কিভাবে ব্যবহার করবেন

**ক্রেতার জন্যঃ**



1. জিইএম পোর্টালে নিজেকে রেজিস্টার করুন।
2. প্রয়োজন অনুসারে পণ্যটি বেছে নিন এবং কার্ট করুন।
3. ডিমান্ড তৈরি করুন - স্যাঙ্কশান অর্ডার তৈরী করুন - কন্ট্র্যাক্ট তৈরী করুন
4. বিক্রেতাকে নির্ধারিত ডেলিভারি তারিখের মধ্যে কন্সাইনির কাছে পণ্য/পরিষেবা পৌঁছে দিতে হবে এবং জিইএম পোর্টালে অনলাইন ইনভয়েস উৎপন্ন করতে হবে।
5. 10 দিনের মধ্যে কনসাইনী রিসিট এবং অ্যাক্সেপ্টেন্স সার্টিফিকেট উৎপন্ন।
6. ক্রেতা দ্বারা বিল প্রসেস হবে (কন্সাইনি দ্বারা সিআরএসি উৎপন্ন হওয়ার 2 দিনের মধ্যে)

**বিক্রেতার জন্যঃ**



1. জিইএম পোর্টালে নিজেকে রেজিস্টার করুন।
2. আপনার পণ্যগুলিকে নির্দিষ্ট পণ্য বিভাগের মধ্যে তালিকাভুক্ত করুন।
3. অর্ডার পাওয়ার পরে, পণ্যের তথ্য পোর্টালে ভর্তি করে পণ্যটি কন্সাইনির কাছে ডেলিভার করে দিন।
4. কোনও অর্ডার সাফল্যের সাথে ডেলিভারি করার পরে, গ্রাহক চুক্তির বিবরণ অনুসারে পণ্যটি পেয়েছেন কিনা তা দেখার জন্য সেটি যাচাই / পরীক্ষা করবেন এবং অনলাইন সিআরএসি-র মাধ্যমে স্বীকৃতি / প্রত্যাখ্যান জারি করবেন।
5. সিআরএসি-র পর, ক্রেতা বিলটি প্রসেস করবেন এবং সেইটি যে অর্থ প্রদান করবে সেই কর্তৃপক্ষের কাছে পাঠিয়ে দেবে সময়সীমার মধ্যে পেমেন্টের জন্য।

## গ) এমএসএমই মার্ট

একটি বিশ্বব্যাপী বিজনেস টু বিজনেস (বি2বি) পোর্টাল, এমএসএমই মার্ট এমএসএমই-দের ডিজিটাল মধ্যবর্তিতার মাধ্যমে বাণিজ্যিক পরিষেবার সুবিধা প্রদান করে। অনেকগুলি বৈশিষ্ট্যতার মধ্যে, এই মার্টটি এমএসএমই-দের তাদের পণ্য/পরিষেবা ক্রয়/বিক্রয়ের করার জন্য একটি অনলাইন মার্কেটপ্লেস প্রদান করে। এটি ন্যাশনাল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পরেশনের একটি উদ্যোগ। এই পোর্টালে অনেকগুলি সুবিধা আছে যেগুলির উপকার এমএসএমই-রা নিতে পারেন।

| | |
|---|---|
| প্রডাক্ট জেনেরিক হোম পেজ | • ক্রেতা ও বিক্রেতাদের জন্য আলাদা প্রডাক্ট জেনেরিক হোম পেজ বিভাগ |
| সাব-কন্ট্রাক্টিং এক্সচেঞ্জ | • এর মাধ্যমে, এমএসএমই-রা ডিস্ট্রিবিউটরশিপ এবং/অথবা ফ্র্যাঞ্চাইজি শুরু করতে পারেন |
| স্ক্র্যাপ ক্রয়/বিক্রয় | • এই পোর্টালের মাধ্যমে, একটি এমএসএমই অন্য এমএসএমই-দের সাথে স্ক্র্যাপ ক্রয়/বিক্রয় করতে পারে |
| কাঁচা মালের চাহিদার অনলাইন অ্যাগ্রেগেশান | • একটি এমএসএমই তার কাঁচা মালের প্রয়োজনীয়তা জানাতে পারে যেটা তারপর উৎপাদনকারী/ডিস্ট্রিবিউটরের কাছে পাঠিয়ে দেওয়া হবে |
| এক্সিবিশান ও ইভেন্টের তথ্য | • সদস্য/অ-সদস্যরা জাতীয়/আন্তর্জাতিক এমএসএমই এক্সিবিশান ও ইভেন্টগুলির ওপর তথ্য পেতে পারে |
| কোটেশান টুলের জন্য আবেদন | • এমএসএমই-রা অনলাইন ই-কোটেশানের জন্য আবেদন করতে পারে |
| সেল্ফ-ওয়েব ডেভেলপমেন্ট টুল | • এমএসএমই-রা নিজেরাই নিজস্ব ওয়েবসাইট বানাতে পারে যেটি সোশাল মিডিয়া প্ল্যাটফর্মের সাথে যুক্ত করা যেতে পারে |
| পুরনো যন্ত্রপাতির ক্রয়/বিক্রয় | • এমএসএমই-দের পুরনো যন্ত্রপাতি বিক্রয় করা যেতে পারে |
| ইনটেরাক্টিভ ডাটাবেস | • বিভিন্ন এমএসএমই-দের তথ্য এই ডাটাবেস থেকে পাওয়া যেতে পারে |
| জাতীয়/আন্তর্জাতিক টেন্ডারের তথ্য | • একটি কোম্পানি অনেকগুলি ফিল্টার ব্যবহার করে টেন্ডারের তথ্য পেতে পারে |
| ব্যবসার লিড | • একটি এমএসএমই তার ব্যবসা বাড়ানোর জন্য বেশ কয়েকটি লিড পাবে। |
| হিটস স্ট্যাটস | • এমএসএমই-র ওয়েব পেজের ব্যবহারকারীদের ভিজিটের সম্পর্কে একটি ধারণা করার জন্য |
| ব্যবসা কনসালটেন্সি ও রিপোর্ট | • ব্যবসার বৃদ্ধির জন্য পরামর্শ এবং সেই সম্পর্কিত রিপোর্ট পাওয়া যেতে পারে |
| মার্জার এবং অ্যাকুইজিশান | • ব্যবসার বৃদ্ধির জন্য একটি এমএসএমই তার এম অ্যান্ড এ-র প্রয়োজনীয়তা জানাতে পারে |
| ভ্যালু অ্যাডেড সার্ভিসেস | • চিকিৎসাগত সুবিধার জন্য বিশেষ ছাড় |
| পেমেন্ট গেটওয়ে | • পেমেন্ট গেটওয়েগুলির মাধ্যমে সহজে পেমেন্ট করে অনলাইন মেম্বারশিপ নেওয়া যাবে |

## অনলাইন মার্কেটপ্লেস

এমএসএমই মার্ট একটি সর্বজনীন অনলাইন মার্কেটপ্লেসের সুবিধা প্রধান করে যেটি বিশেষভাবে এমএসএমই-দের জন্য তৈরি এবং বিকশিত করা হয়েছে। এমএসএমই মার্টের সুবিধাগুলি কাজে লাগিয়ে এমএসএমই-রা নিজেদের পণ্য এই পোর্টালের মাধ্যমে প্রদর্শন এবং বিক্রয় করতে পারে। মার্কেটপ্লেসের কয়েকটি বৈশিষ্ট্য হল:




**উৎস:** rbi.org.in; vikaspedia.in; psbloansin59minutes.com; udyamimitra.in; india.gov.in; cgtmse.in; npci.org.in; http://www.msmemart.com/

এ বিষয়ে আরও তথ্য জানার জন্য অথবা এই সকল ডিজিটাল এনেব্লারগুলির সুবিধা পেতে, চলে যান :

PSBLoans; https://www.psbloansin59minutes.com/home
BHIM-UPI https://www.bhimupi.org.in/
RXIL: https://www.rxil.in/
Udyamimitra: https://udyamimitra.in/
CGTMSE: https://www.cgtmse.in/
GeM: https://gem.gov.in/
MSME Mart: http://www.msmemart.com/

## দ্রুততর হল ভালো

আর্থিক ক্ষেত্রের ডিজিটাইজেশনই হল ভবিষ্যৎ। ডিজিটাল এনেব্লারগুলি ব্যাঙ্কারদের কাজ শুধুমাত্র আরও সহজই করে দেয়নি, এমএসএমই-দের দ্রুত, নির্ঝঞ্ঝাট পরিষেবা সরবরাহের আশ্বাসও দিয়েছে। এই সময় ও যুগে, যখন এক পলকে পছন্দ, রুচি এবং চাহিদা বদলে যায়, ডিজিটাইজেশান কেবল একটি বিকল্প নয়, এটি একটি প্রয়োজনীয়তা। আর্থিক ক্ষেত্রের পাশাপাশি এমএসএমই, উভয়েরই নিজেদের ক্ষেত্রে পরিবর্তনের বিষয়ে নজর রাখা এবং সময়ের সঙ্গে নিজেদের আধুনিক রূপে বদল করা এবং পরবর্তী ধাপে নিয়ে যাওয়া গুরুত্বপূর্ণ। ইনফো সিরিজের এই প্রকাশন হল আপনাদের এখনকার বিভিন্ন ডিজিটাল এনেব্লারগুলির সম্পর্কে এবং সেই সঙ্গে তাদের বৈশিষ্ট্যিতাগুলি কিভাবে ব্যবহার করা যাবে এই বিষয়ে অন্তর্দৃষ্টি প্রদান করবার আমাদের একটি প্রচেষ্টা। আমরা আশা করি আপনারা তাদের পরিষেবার সুবিধাগুলির সর্বাধিক সুবিধে লাভ করতে পারবেন এবং আপনার জীবন ডিজিটাল দিক থেকে বিচক্ষণ এবং আধুনিক করে তুলবেন। দয়া করে আমাদের ইনফো সিরিজের এই ভলিউমটি পড়বার অভিজ্ঞতাটি জানাবেন এবং আপনারা এরপরে কী পড়তে চান তাও আমাদের জানাবেন।

## ডিস্ক্লেমার

এই সিরিজটি ইচ্ছুক/বিদ্যমান স্বাবলম্বীদের জন্য প্রকাশিত করা হয়েছে। এগুলি ভারতের স্মল ইন্ডাস্ট্রিস ডেভেলপমেন্ট ব্যাঙ্ক ওফ ইন্ডিয়া-র (SIDBI) মতামত বা বিষয়টির একটি সম্পূর্ণ বর্ণনা নাও হতে পারে।

এই ডকিউমেন্টটি এসআইডিবিআই দ্বারা পরিচালিত মিশন স্বাবলম্বনের অন্তর্গত সংস্থার জন্য একটি ভাল উদ্যোগ। এগুলি মূলত বিভিন্ন বাস্তবায়িত প্রকল্প এবং/অথবা উৎসগুলির সংকলনের উপর ভিত্তি করা। যদিও কোনও ভুল বা ভ্রান্তি এড়ানোর সব রকমের প্রচেষ্টা করা হয়েছে, এই প্রকাশনায় কোনও ভুল/ভ্রান্তির কারণে SIDBI কোনওভাবেই কোনও ব্যক্তির প্রতি দায়বদ্ধ হবে না।